দৈনিক ইনকিলাব

২৪ FEB 1989
পৃ... 1 ... কলাম... 2

আনজুমানে তালামীযের সম্মেলনে প্রস্তাব

# প্রতি জেলায় একটি কামিল মাদ্রাসা সরকারীকরণের দাবী

গত বুধবার সিলেটের রেজিস্ট্রারী ময়দানে বাংলাদেশ আনজুমানে তালামীযে ইসলামিয়ার সম্মেলনে ইসলামী হুকুমত প্রতিষ্ঠার লক্ষ্যে আউলিয়ায়ে কেরাম, পীর-মাশায়েখ ও হক্কানী ওলামায়ে কেরামের নেতৃত্বে আন্দোলন গড়ে তোলার আহবান জানানো হয়েছে। সম্মেলনে গৃহীত প্রস্তাবে স্কুল-কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সন্ত্রাসমুক্ত করার জন্য সর্বস্তরের জনতার প্রতি আহবান জানানো হয়।

এছাড়া শিক্ষা খাতে বাজেট বৃদ্ধি, পরীক্ষা

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## তালামীযের সম্মেলন

প্রথম পৃষ্ঠার পর

পদ্ধতি পরিবর্তন, সেশন জট নিরসন ও শিক্ষা সামগ্রীর মূল্য হ্রাসকরণের অনুরোধ জানানো হয়।

অপর এক প্রস্তাবে মাদ্রাসা শিক্ষাকে জাতীয় শিক্ষায় উন্নীত করে প্রতিটি জেলায় একটি কামিল মাদ্রাসা, প্রতি উপজেলায় একটি ফাজিল মাদ্রাসা ও প্রতি ইউনিয়নে একটি দাখিল মাদ্রাসা সরকারী করণের জন্য দাবী জানানো হয়। মাদ্রাসা শিক্ষা টেকস্ট বুক বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং বিনামূল্যে স্কুলের নয় মাদ্রাসাতেও পুস্তক সরবরাহের জন্য দাবী জানানো হয়। অপর এক প্রস্তাবে ইসলামী বিশ্ববিদ্যালয় যথাস্থানে বহাল রেখে উপযুক্ত স্থানে অনুরূপ আরো একটি বিশ্ববিদ্যালয় স্থাপন এবং ফাজিল/ কামিল শ্রেণীকে ইসলামী বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তকরণের দাবী করা হয়।

তাছাড়া জাতীয় প্রচার মাধ্যমগুলোতে শিক্ষা ও চরিত্র গঠনমূলক অনুষ্ঠানকে অগ্রাধিকার দেয়ার দাবী জানানো হয়। গৃহীত এক প্রস্তাবে সুদ-ঘুষ-মদ-জুয়া এবং অপসংস্কৃতি রোধে সচেতন মুসলমানদের এগিয়ে আসার আহবান জানানো হয়। খৃষ্টান মিশনারী ও কাদিয়ানীদের অশুভ তৎপরতা রোধ করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণের দাবী জানানো হয় এবং সর্বশেষ প্রস্তাবে বন্যা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প এবং বিভিন্ন ধরনের দুর্ঘটনা রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহবান জানানো হয়। প্রেস বিজ্ঞপ্তি।